ইবি উপাচার্যের অপসারণের দাবিতে মানববন্ধন

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-উর-রশিদ আসকারীর অপসারণ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদ।

শনিবার (২৫ জুলাই) বেলা ১১টায় কুষ্টিয়া শহরের এন এস রোডে অনুষ্ঠিত এ মানববন্ধনে বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি এবং বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগও যোগ দেয়।

এ সময় সংক্ষিপ্ত সমাবেশে বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি প্রফেসর ড. মো. আনোয়ার হোসেনের সভাপতিত্বে এবং কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক মীর মো. মোর্শেদুর রহমানের পরিচালনায় বক্তব্য রাখেন বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. মাহবুবুল আরফিন, প্রফেসর ড. আলমগীর হোসেন ভূঁইয়া, ড. সাজ্জাদ হোসেন, কর্মকর্তা সমিতির সভাপতি মো. শামছুল ইসলাম জোহা, সদস্য উকিল উদ্দিন, ছাত্রলীগ নেতা জুবায়ের রহমান প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, নিয়োগ বাণিজ্য ও টেন্ডার বাণিজ্যের হোতা দুর্নীতিবাজ ভিসি ড. আসকারী দায়িত্ব গ্রহণ করেই প্রগতিশীল এবং ছাত্রলীগের রাজনীতি ধ্বংস করে জামায়াত-বিএনপির এজেন্ডা বাস্তবায়ন করে চলেছেন। তিনি একটি সিন্ডিকেট তৈরি করে সেই সিন্ডিকেটের মাধ্যমে সকল প্রকার অনিয়ম-দুর্নীতি পরিচালনা করছেন। প্রতিবাদ করলেই নেয়া হয় তার বিরুদ্ধে ব্যবস্থা। বিশ্ববিদ্যালয় আজ তলাবিহীন ঝুড়িতে পরিণত হতে চলেছেন।

বক্তারা, বিশ্ববিদ্যালয়কে বাঁচাতে অবিলম্বে এই দুর্নীতিবাজ ভিসিকে অপসারণ করে ভিসি এবং তার অনিয়ম-দুর্নীতি সিন্ডিকেটের সকল সদস্যের অপকর্ম তদন্তপূর্বক বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির জন্য সরকারের প্রতি জোর দাবি জানান।

তারা বলেন, আগামী ২০ আগস্ট বর্তমান উপাচার্যের মেয়াদ শেষ হচ্ছে। তবে এই দুর্নীতিবাজ উপাচার্য দ্বিতীয় মেয়াদে নিয়োগ পেতে দেন দরবার করছে। তিনি যদি পুনরায় নিয়োগ পান তাহলে ক্যাম্পাসে মারাত্মক অস্থিতিশীল পরিবেশ তৈরি হবে।

মেপ্র/আরপি

কুষ্টিয়ায় বন্দুকযুদ্ধে মাদক ব্যবসায়ী নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে পুলিশ ও দু’দল মাদক ব্যবসায়ীর সাথে ত্রিমুখি বন্দকযুদ্ধে কুদরত মন্ডল (৫০) নামের এক মাদক ব্যবসায়ী নিহত হয়েছে।

নিহত মাদক ব্যবসায়ী কুদরত মন্ডল উপজেলার মুন্সিগঞ্জ এলাকার মৃত নিয়ামত মন্ডলের ছেলে।

পুলিশ ঘটনাস্থল থেকৈ ১টি বিদেশী অস্ত্র, ১টি পিস্তল, ১টি ম্যাগজিন, ৩ রাউন্ড গুলি, ১টি হাসুয়া, ৪৩ বতোল ফেন্সিডিল উদ্ধার করে।

শুক্রবার দিবাগত রাত অনুমান ১টার দিকে দৌলতপুর উপজেলার ডাংমড়কা আবুল কালামের ইটভাটার নিকট এ বন্দুকযুদ্ধের ঘটনা ঘটে।

কুষ্টিয়া দৌলতপুর থানার অফিসার ইনচার্জ আরিফুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে উপজেলার ডাংমড়কা এলাকায় দু দল মাদক ব্যবসায়ীর মধ্যে সংঘর্ষ চলছে। খবর পেয়ে থানার একটি টিম সেখানে পৌছায়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা এলোপাথাড়ী গুলিবিনিময় শুরু করে। এতে পুলিশও পাল্টা জবাব দিলে ত্রীমুখী সংঘর্ষে মাদক ব্যবসায়ী কুদরতকে আহত অবস্থায় উদ্ধার করা হয়। পরে তাকে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসা হলে কত্যর্বরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

পুলিশ জানায় তার বিরুদ্ধে অস্ত্র, মাদকসহ ৮টি মামলা রয়েছে। পরে আজ ভোরে লাশ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়।

মেপ্র/স

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় সজীব বিশ্বাস (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার বিকেলে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তাঁতীবন্দ নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত সজীব বিশ্বাস মিরপুর উপজেলার নয়নপুর এলাকার আব্দুল আজিজের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, বিকেল সাড়ে ৪ টার দিকে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহর থেকে বাড়ীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে তাঁতীবন্দ নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান।

ঘটনাস্থল পুলিশ পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় পুলিশ সদস্যের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক চাপায় রাশেদুজ্জামান তন্ময় (৪৫) নামক এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুরে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের বহলবাড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত রাশেদুজ্জামান তন্ময় পাকশী রেলওয়ে সার্কেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করতেন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রিফাইতপুর এলাকার মনিরুজ্জামানের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, দুপুরের দিকে অফিসিয়াল কাজে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহরের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বহলবাড়ীয়া নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছ।

পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল রয়েছেন বলেও জানান তিনি।

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকীতে নানান আয়োজন

আর্তমানবতার সেবায় নিবেদিত আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন এপেক্স ক্লাব অব বাংলাদেশ তার গৌরবের নিয়মিত পথ চলার ৬০ বছরে পদার্পণ করেছে। ১৯৬১ সালের এই দিনে এপেক্স অস্ট্রেলিয়ার জোন ১০ এর অধীন তৎকালীন পশ্চিম পাকিস্তানের করাচী এপেক্স ক্লাবের সহযোগিতায় ঢাকার শাহবাগ হোটেলে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে এপেক্স আন্দোলনের যাত্রা শুরু হয়। দেখতে দেখতে এপেক্স ক্লাব অব বাংলাদেশ ৫৯টি বছর পার করে ৬০ বছরে পা রাখতে সক্ষম হয়েছে।

এই উপলক্ষে এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার পক্ষ থেকে বৃক্ষরোপন, মাস্ক বিতরণ ও দোয়া মোনাজাতের মধ্য দিয়ে এবারের কর্মসুচী সম্পন্ন করেছে।

এছাড়াও সামাজিক দুরত্ব বজায় রেখে ক্লাবের পক্ষ থেকে বৃক্ষরোপন শেষে করোনা ভাইরাসের বিষয়ে জনসচেতনতার অংশ হিসেবে শহরের বিভিন্ন এলাকায় মানুষের মধ্যে মাস্ক বিতরণ শেষে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা এবং এপেক্স বাংলাদেশের

উত্তরোত্তর সমৃদ্ধ ও সফলতা কামনা করে এপেক্সিয়ানরা যেন সেবা, সৌন্দর্য ও সুনাগরিকত্বের সঠিক চর্চা করতে পারেন এবং এর কার্যক্রম যেন সর্ব সাধারণের দৌড়গোড়ায় পৌঁছে দিতে পারে এই প্রত্যশা কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

এসময় ক্লাবের সভাপতি বিশিষ্ট শিল্পপতি এপেঃ আকরাম হোসেন বাবুসহ বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার সভাপতি এপেঃ আকরাম হোসেন বাবু বলেন, হাঁটি হাঁটি পা পা করে এগিয়ে চলা এই ৫৯টি বছর এপেক্স আন্দোলনের জন্য কখনো কুসুমাস্তীর্ণ ছিল না। ছিল অনেক বন্ধুর পথ। আর বাংলাদেশের মতো তৃতীয় বিশ্বের স্বল্পন্নত একটি দেশে নিজের পকেটের টাকা খরচ করে একটি সংগঠনকে ৬০ বছর ধরে রাখা মোটেই সহজ কাজ ছিল না।

এই কঠিন কাজটি সহজ হয়েছে, এদেশের কিছু উদ্যমী,নি:স্বার্থবাদী,নির্লোভ ও পরোপকারী মানুষের সংবেদনশীল অকৃপণ সহযোগিতার মনোভাবের কারণে। তারা সেবা,সৌহার্দ্য ও সুনাগরিকত্ব এই তিনটি মোটোকে নিজেদের প্রাত্যাহিক জীবনের সাথে বিলিয়ে দিতে পেরেছেন বলেই দেশের সীমানা পেরিয়ে বিদেশেও আজ এপেক্স বাংলাদেশ স্বমহিমায় সমুজ্জ্বল রয়েছে।

ক্লাবের সাবেক সভাপতি আব্দুল মজিদ বলেন, প্রতি বছর এপেক্স বাংলাদেশের প্রতিষ্ঠা বার্ষিকী ব্যাপক উৎসাহ,উদ্দিপনার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হলেও এবার মহামারি করোনার কারণে সীমিত ও পরিশীলিতভাবে এপেক্সের এই প্রতিষ্ঠাবার্ষিকীর দিনটি উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করে এপেক্স বাংলাদেশ। এবার আমরা এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার পক্ষ থেকে প্রতিষ্ঠাবার্ষিকীর দিনটি উদযাপন করতে বৃক্ষরোপন কর্মসুচী, বিনামূল্যে মাস্ক বিতরণ ও দোয়া মোনাজাতের মধ্য দিয়ে এবারের কর্মসুচী সম্পন্ন করেছে।

কৃষিখাতে ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়াতে হবে

কৃষিখাতে ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়াতে হবে বলে জানিয়েছেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন।

তিনি বলেন, কৃষিখাতসহ ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশে দাঁড়ানো উচিত। তাহলেই কেবল দেশের অর্থনীতির মেরুদন্ড আরও চাঙ্গা হবে। তারা দেশের অর্থনীতিতে বিশেষ অবদান রেখে চলেছে।

সোমবার কুষ্টিয়ার মিরপুরে কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, কৃষিখাতের মাধ্যমে নতুন নতুন উদ্যোক্তা তৈরি হলে বিনিয়োগ বাড়বে,যা দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে। কৃষি পণ্য সংরক্ষণ, প্রক্রিয়াজাত ও বাজারজাত কীভাবে করতে হবে সে বিষয়ে কারিগরি সহায়তা পেলে অনেক উন্নতি লাভ করবে।

বর্তমান সরকার কৃষিবান্ধব সরকার উল্লেখ করে তিনি আরও বলেন, মিরপুরের মধু মামুন মৌমাছি ফুল থেকে মধু সংগ্রহ করে তার জীবন বদলে দিয়েছে। তাই তাকে আজ কৃষি অধিদপ্তরের সহযোগিতায় সরকারিভাবে একটি পিক-আপ বিতরণের মধ্য দিয়ে আজ নতুন দিগন্তের সুচনা উন্মোচন করলো। তাই তরুণ উদ্যোক্তাদের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে। এই তরুণরাই কৃষিকে লাভবান কৃষিতে রুপান্তর করবে বলেও জানান তিনি।

উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে ন্যাশনাল এগ্রিকালচাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি-২) ফেজ-২ প্রজেক্ট এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ও ম্যাচিং গ্রান্ট প্রাপ্ত সিআইজি গ্রপ ও কৃষি উদ্যোগতার মাঝে এসব কৃষি উপকরণ বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিংকন বিশ্বাসের সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ, কৃৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ সাবিহা সুলতানা, উপসহকারী

কৃষি কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ।

পরে কৃষকদের হাতে এসব যন্ত্রপাতির চাবি ও কাগজপত্র তুলে দেন অতিথিরা।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, কৃষি উন্নয়ন সহায়তার আওতায় ভর্তুকিতে ৫ টি সিআইজি গ্রুপের সদস্যদের মাঝে রিপার, সিডার মেশিনসহ বিভিন্ন ধরনের প্রযুক্তি সহায়তা মেশিন ও তরুণ কৃষি উদ্যোক্তা মধু মামুনকে একটি পিকআপ বিতরণ করা হয়।

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের করোনা শনাক্ত

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়। এতে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এ এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়।
এর মধ্যে কুষ্টিয়া ১০, চুয়াডাঙ্গা ১০, ঝিনাইদহ ৯, মেহেরপুর ২৭, নড়াইল ৬০ জন।

এরমধ্যে চুয়াডাঙ্গা জেলায় ৫ জন, ঝিনাইদহ জেলায় ৫ জন, নড়াইল জেলার ১৫ জন ও মেহেরপুর জেলায় ৪ জন করে মোট ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

সিভিল সার্জন আরও জানান, গতকাল কুষ্টিয়ায় ১০ জনের পরীক্ষা করা হয়েছে এতে করে ১০ জনই নেগেটিভ। তাই নতুন করে কুষ্টিয়া জেলায় কোন

পজিটিভ শনাক্ত হয়নি।

এদিকে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ১১৪২ জন কোভিড রোগী সনাক্ত হয়েছে। এরমধ্যে পুরুষ রোগী ৮৩৪ জন, নারী ৩০৮ জন। সুস্থ হয়েছেন মোট ৬৩৯ জন। এবং বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছে ৪৪০ জন। এবং হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ৪১ জন।
এ পর্যন্ত ২৩ জন কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছে।

কুষ্টিয়ায় করোনায় শিক্ষকের মৃত্যু

কুষ্টিয়া মিরপুরের হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলী
(৫৫) করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

মিরপুরের হালসা কলেজের সহকারী অধ্যাপক মোজাহার আলীর ছেলে অনিক মাহমুদ জানান, গত সপ্তাহে বাবার শরীরে একটু জ্বর অনুভব হয়। তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে ঢাকায় রেফার করা হয়। আজ ভোরের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বাবার মৃত্যু হয় বলে জানান তিনি।

সামান্য বৃষ্টিতেই পানি জমে

যায় খেলার মাঠ

এটি বন্যা কবলিত কোন এলাকার স্কুল মাঠের দৃশ্য নয়। বিদ্যালয় মাঠটিতে যেন কোথায় পা ফেলার জায়গা নেই। পুরো খেলার মাঠে থৈ-থৈ করছে পানি। দেখলে মনে হয় এ যেন এটি একটি পুকুর। এই চিত্র এখন কুষ্টিয়ার মিরপুর উপজেলার ধুবইল ইউনিয়নে সিংপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খেলার মাঠ। এটিই এখানকার একমাত্র খেলার মাঠ।

বছরের বেশিরভাগ সময়ই জলাবদ্ধতা থাকে এখানে। সামান্য বৃষ্টি হলেই পানি জমে যায়। প্রতিবছর বর্ষা মৌসুমে পানিতে ডুবে থাকে এ মাঠটি। মাঠের এ অবস্থার জন্য বন্ধ থাকে খেলাধুলা। নিয়মিত খেলতে না পারায় হতাশ প্রতিষ্ঠানটির শিক্ষার্থী ও মহল্লার খেলোয়াড়রা।

স্থানীয়রা জানান, প্রতিবছর খেলার মাঠ উন্নয়নের টাকা আসলেও তেমন কোনো দৃশ্যমান উন্নয়ন কাজ হয় না।

সংশ্লিষ্টসুত্রে জানা গেছে, ২০১৯-২০ অর্থবছরে স্থানীয় এমপির টি-আর বরাদ্দকৃত ৪৩ হাজার টাকা এসেছিল। কিন্তু নামেমাত্র কয়েক ট্রলি বালু দিয়ে ভরাটের নাম করে পুরো টাকা আত্মসাৎ করেছে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও স্কুল কমিটির সভাপতি।

সিংপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুফিয়া খাতুন বলেন, স্কুল মাঠে মাটি ভরাটের জন্য ২০১৯-২০অর্থবছরে স্থানীয় এমপির টি-আর বরাদ্দকৃত ৪৩ হাজার টাকা এসেছিল। সেই টাকার কাজ করা হয়েছে। আরও বরাদ্দ দরকার বলেও জানান তিনি।

কর্তৃপক্ষর কাছে মাঠটি দ্রুত সংস্কারের দাবি জানিয়ে এলাকাবাসী জানান
‘মাঠ শুকনো থাকলে যুবসমাজ ব্যস্ত থাকে খেলাধুলায়। ফলে মাদকের ছোবল থেকে তারা রক্ষা পায়। যত বেশি ক্রীড়াচর্চা হবে ততবেশি যুবসমাজ মাদক থেকে দূরে থাকবে। কিন্তু এই মাঠের পানি দেখলে মনে হয় এটি একটি পুকুর। এই মাঠটি সংস্কার করা না হলে এলাকার যুবসমাজ মাদকের দিকে ঝুঁকে পড়তে পারে।’ তাই দ্রুত এই খেলার মাঠটি সংস্কারের মাধ্যমে খেলাধুলার পরিবেশ ফিরিয়ে আনতে অনুরোধ জানিয়েছেন এলাকাবাসী।

মিরপুর প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাসুদ রানা বলেন,‘আমি বিষয়টা শুনেছি। সেই সাথে বিদ্যালয়ের প্রধান শিক্ষককে লিখিতভাবে বিষয়টি

জানানোর জন্য বলা হবে।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস জানান,এটা আমার জানা ছিল না। তবে দ্রুত এ জলাবদ্ধতা দূরীকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

কুষ্টিয়ায় পদ্মায় নৌকাডুবিতে নিখোঁজ একজনের লাশ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চরসাদিপুর এলাকায় পদ্মা নদীতে নৌকাডুবির ঘটনায় নিখোঁজ চার শ্রমিকের মধ্যে একজনের লাশ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস।

বুধবার দুপুরে পদ্মা নদীতে ঘটনাস্থলের দেড় কি:মি: ভাটিতে ভেসে উঠলে পাবনা ফায়ার সার্ভিসের সদস্যরা ওই লাশ উদ্ধার করে।

উদ্ধার লাশ জেলার ভেড়ামারা উপজেলার বাহাদুরপুর ইউননিয়নের জামালপুর গ্রামের আব্দুল জলিলের ছেলে শরিফুল ইসলামের।

পাবনা ফায়ার সার্ভিসের উপ-সহকারী পরিচালক সাইফুজ্জামান জানান, পদ্মায় নৌকাডুবির ঘটনায় নিখোঁজ শরিফুল ইসলাম নামে একজনের লাশ উদ্ধার হয়েছে। এ নৌকাডুবিতে নিখোঁজ বাকি তিনজনের লাশ উদ্ধারে ডুবুরি দলসহ ফায়ার সার্ভিসের কর্মীরা কাজ করছেন।

নিখোঁজ বাকি তিনজন হলেন- একই গ্রামের হারান শেখের ছেলে জুয়েল, নজুর ছেলে জাকির ও রঞ্জিতের ছেলে জুবা।

প্রসঙ্গত, গত মঙ্গলবার সকালে পদ্মা নদীর চর সাদিপুর এলাকায় নৌকাডুবিতে নৌকায় থাকা ১৩ জনের মধ্যে নয়জন শ্রমিক সাঁতরে এবং স্থানীয়দের সাহায্যে উদ্ধার হলেও সাঁতার না জানায় চারজন পানিতে ডুবে নিখোঁজ হয়।